"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৮/সি, শেরেবাংলা নগর
আগারগাঁও, ঢাকা-১২০৭।

নং ৫৭.১৭.০০০০.১০২.১১.২৯৪.১৮-১১৮৩

তারিখঃ ২০ অক্টোবর ২০১৯ খ্রি.

## পুনঃ ও সংশোধনী নিয়োগ বিজ্ঞপ্তি

নিম্নবর্ণিত পদসমূহে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অন-লাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে। সরাসরি অথবা ডাকযোগে কোন আবেদন গ্রহণযোগ্য হবে না। ইতোপূর্বে যারা আবেদন করে প্রবেশপত্র পেয়েছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল | বয়স | পদ সংখ্যা | নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | নিবন্ধন কর্মকর্তা (রেজিস্ট্রেশন অফিসার) ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯ম) | ৩০ বৎসর | ১টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণিতে স্নাতকোত্তর ডিগ্রিসহ বোর্ড, বিশ্ববিদ্যালয় অথবা কোন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা প্রশাসনের কাজে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা, তবে নিবন্ধন সংক্রান্ত কাজের অভিজ্ঞতা থাকা বাঞ্ছনীয়। |
| ২ | সহকারী পরিচালক (প্রকাশনা) ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯ম) | ৩০ বৎসর | ১টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণির স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণির সম্মানসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি। অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি বা সমমানের ডিগ্রিসহ প্রকাশনা ও মুদ্রণ সংক্রান্ত কাজে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রিন্টিং প্রকৌশলে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ৩ | সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (বিতরণ)/(ভোক)/ (দাখিল ভোক)/(কৃষি) ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯ম) | ৩০ বৎসর | ৪টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণির সম্মানসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ (পাঁচ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা।<br>অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কারিগরি বা প্রকৌশলে স্নাতক বা সমমানের ডিগ্রি, তবে সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি) পদের ক্ষেত্রে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কারিগরি, প্রকৌশল বা কৃষিতে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ৪ | সহকারী বিশেষজ্ঞ (কোর্স এক্রিডিটেশন) ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯ম) | ৩০ বৎসর তবে বিভাগীয় প্রার্থী এবং ৫ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য | ১টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কারিগরি বা প্রকৌশলে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ কারিগরি শিক্ষা ক্ষেত্রে ইন্সট্রাক্টর বা সমমানের পদে ৫ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা। অথবা-<br>প্রথম শ্রেণিতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং বা সমমানের যোগ্যতাসহ জুনিয়র ইন্সট্রাক্টর বা সমমানের পদে ৫ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ মোট ১০ (দশ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। অথবা-<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি বা দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ ৫ (পাঁচ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা।<br>(খ) শিক্ষা প্রশাসনে দায়িত্ব পালন, প্রতিষ্ঠান বা কোর্স মনিটরিং এর কাজ সম্পাদন, কোর্স কারিকুলাম প্রণয়ন, বই লেখা ও সম্পাদনার কাজের অভিজ্ঞতা, সিবিটিএন্ডএ প্রোগ্রামে প্রশিক্ষণ প্রাপ্ত, সিবিটিএন্ডএ সংক্রান্ত দায়িত্ব পালন বা শিক্ষক প্রশিক্ষণে ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| | কারী বিশেষজ্ঞ (লার্নিং ম্যাটেরিয়াল্স ডেভেলপমেন্ট) ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯ম) | ৩০ বৎসর, তবে বিভাগীয় প্রার্থী এবং ৫ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য | ১টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কারিগরি বা প্রকৌশলে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ কারিগরি শিক্ষা ক্ষেত্রে ইন্সট্রাক্টর বা সমমানের পদে ৫ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা। অথবা- প্রথম শ্রেণীতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং বা সমমানের যোগ্যতাসহ জুনিয়র ইন্সট্রাক্টর বা সমমানের পদে ৫ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ মোট ১০ (দশ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। অথবা- কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি বা দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ ৫ (পাঁচ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। (খ) শিক্ষা প্রশাসনে দায়িত্ব পালন, প্রতিষ্ঠান বা কোর্স মনিটরিং এর কাজ সম্পাদন, কোর্স কারিকুলাম প্রণয়ন, বই লেখা ও সম্পাদনার কাজের অভিজ্ঞতা, সিবিটিএন্ডএ প্রোগ্রামে প্রশিক্ষণ প্রাপ্ত, সিবিটিএন্ডএ সংক্রান্ত দায়িত্ব পালন বা শিক্ষক প্রশিক্ষণে ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৬ | কোয়ালিটি অ্যাসুরেন্স অফিসার ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯ম) | ৩৫ বৎসর, তবে বিভাগীয় প্রার্থী এবং ৫ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে | ০৩টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রিসহ ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা এবং তথ্য ও কম্পিউটার প্রযুক্তি (আইসিটি) ব্যবহারের দক্ষতা থাকিতে হইবে। অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কারিগরি বা প্রকৌশলে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ কারিগরি শিক্ষা ক্ষেত্রে ইন্সট্রাক্টর বা সমমানের পদে ৫ (পাঁচ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা এবং আইসিটি ব্যবহারের দক্ষতা থাকিতে হইবে। অথবা প্রথম শ্রেণিতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং বা সমমানের যোগ্যতাসহ জুনিয়র ইন্সট্রাক্টর বা সমমানের পদে ৫ (পাঁচ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ মোট ১০ (দশ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা এবং আইসিটি ব্যবহারের দক্ষতা থাকিতে হইবে; (খ) শিক্ষা প্রশাসনে দায়িত্ব পালন, প্রতিষ্ঠান বা কোর্স মনিটরিং এর কাজ সম্পাদন, কোর্স কারিকুলাম প্রণয়ন, বই লেখা ও সম্পাদনার কাজের অভিজ্ঞতা, সিবিটিএন্ডএ প্রোগ্রামে প্রশিক্ষণ প্রাপ্ত, সিবিটিএন্ডএ সংক্রান্ত দায়িত্ব পালন বা শিক্ষক প্রশিক্ষণে ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৭ | সেকশন অফিসার ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০ম) | ৩৫ বৎসর | ১টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণির স্নাতক বা সমমানের ডিগ্রিসহ উচ্চমান সহকারী বা সমমানের পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |
| ৮ | প্রুফ রিডার ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০ম) | ৩০ বৎসর, তবে বিভাগীয় প্রার্থী এবং ৫ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণির সম্মানসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি বা দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কারিগরি বা প্রকৌশলে স্নাতক বা সমমানের ডিগ্রি। |

মোট ১৩টি পদ

১। আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://bteb.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। Online ফরম এর সকল অংশ (ছবি এবং স্বাক্ষর)সহ যথাযথভাবে পূরণ করে দিতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল করা হবে;

**আবেদনের সময়সীমা নিম্নরূপ:**

i.Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ২২/১০/২০১৯ খ্রিঃ, সকাল- ১০:০০ টা।

ii.Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২২/১১/২০১৯ খ্রিঃ, বিকাল- ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

ine আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে রিত স্থানে Upload করবেন।

. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant'scopy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১ নং থেকে ৮ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ৩০০/-(তিনশত) টাকা ও Teletalk এর সার্ভিসচার্জ ৩৬.০০ টাকাসহ মোট ৩৩৬/- (তিনশত ছত্রিশ) টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, " Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS:BTEB<space>**User ID** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: BTEB ABCDEF

Reply: Applicant's Name, Tk- 336 (application fee) will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BTEB<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: **BTEB<space>Yes<space>PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BTEB YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BTEB Application for post XXXXXXXXXX User ID is (ABCDEF) and Password is (XXXXXXXX).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://bteb.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে **(শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে)** যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে;

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

ঝ. i. User ID জানা থাকলে BTEB<space>Help<space>User<space>User ID & Send to 16222.

Example: BTEB Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে: BTEB<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.

Example: BTEB Help PIN 12345678 & send to 16222.

ঞ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd অথবা mdshossain300@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে।

ট. বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্মকর্তা নিয়োগ ২০১৮ এর বিজ্ঞপ্তি Online এ আবেদনপত্র পূরণের নিয়মাবলী, SMS এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি ওয়েবসাইট http://bteb.teletalk.com.bd এ পাওয়া যাবে।

সকল পদে ২০-১০-২০১৯ খ্রি. তারিখে বয়স ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত/অনুমোদিত বেসরকারী প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৪। বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা কম/বেশি হতে পারে, যা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হবে।

৫। মৌখিক পরীক্ষার সময়ে নিম্নোক্ত কাগজপত্রাদি দাখিল করতে হবে:

ক) সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application From সহ সকল সনদপত্রের ফটোকপি দাখিল করতে হবে।

খ) জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশন এর কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ এবং ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্রের ফটোকপি দাখিল করতে হবে।

গ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র/কন্যার পুত্র/কন্যার এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশন এর কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের ফটোকপি দাখিল করতে হবে। এ ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার নাম এবং মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা নাম উল্লেখসহ মুক্তিযোদ্ধার সাথে প্রার্থীর সম্পর্কের বিষয়টি সুস্পষ্টভাবে সনদে উল্লেখ করতে হবে।

ঘ) এতিম, শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ি উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত সনদের ফটোকপি দাখিল করতে হবে।

ঙ) সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত/অনুমোদিত বেসরকারী প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্র/ছাড়পত্রের মূল কপি জমা দিতে হবে।

৬। নিয়োগ পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি. এ./ডি. এ প্রদান করা হবে না।

৭। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যেকোন পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভুয়া প্রমানিত হলে তাঁর দরখাস্ত/নির্বাচন বা নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮। অনাকাঙ্খিত ভুল-ভ্রান্তি সংশোধন যোগ্য এবং নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৯। অনিবার্য কারণে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১০। উপযুক্ত প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষা নেয়া হবে। প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে; পরীক্ষার তারিখ, সময় ও নিয়মাবলী পরবর্তীতে জানানো হবে।

১১। এ বিজ্ঞপ্তি দ্বারা ২৬-১১-২০১৮ খ্রি. তারিখে দৈনিক ইত্তেফাক, দৈনিক বাংলাদেশ প্রতিদিন ও দৈনিক সমকালে প্রকাশিত স্মারক নং ৫৭.১৭.০০০০.১০২.১১.২৯৪.১৮-৪৭৭ তারিখঃ ২৫-১১-২০১৮ এর ১নং ক্রমিকের সিনিয়র সিস্টেম এনালিস্ট এবং ২৩-৯-২০১৮ খ্রি. তারিখে প্রথম আলো ও ২১-৯-২০১৮ তারিখ দৈনিক ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত স্মারক নং ৫৭.১৭.০০০০.১০২.১১.২৯৪.১৮-৩৩৫ তারিখ ২০-৯-২০১৮ এর ১ ক্রমিকের প্রোগ্রামার পদের নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল বলিয়া গণ্য হবে।

(মোঃ মাহাবুবুর রহমান)
সচিব